গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন
২১, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০
www.brtc.gov.bd

স্মারক নং-৩৫.০৪.০০০০.০১১.০০.৪৯০(অংশ-৫).২২/৯১৮

তারিখ- ২৯/০৫/২০২২ খ্রিঃ

# নিয়োগ বিজ্ঞপ্তি

বিআরটিসি'র নিম্নবর্ণিত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে শর্তসাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ক্রয় কর্মকর্তা | ০১ জন | জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ৯ম গ্রেড ২২,০০০-৫৩,০৬০/- | স্নাতকোত্তর ডিগ্রী। সংশ্লিষ্ট ক্ষেত্রে দায়িত্বশীল পদে ৫ বৎসরের অভিজ্ঞতাসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে কাজের অভিজ্ঞতা। স্থানীয় এবং আন্তর্জাতিক ক্রয় আইন ও নিয়ম সম্পর্কে পর্যাপ্তভাবে ওয়াকিবহাল হইতে হইবে। বিশেষ যোগ্যতার ক্ষেত্রে শর্তাবলী শিথিলযোগ্য। |
| ২ | জনসংযোগ কর্মকর্তা | ০১ জন | জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ৯ম গ্রেড ২২,০০০-৫৩,০৬০/- | সাংবাদিকতায় কমপক্ষে দ্বিতীয় শ্রেনীর স্নাতকোত্তর ডিগ্রী। সাধারণতঃ জনসংযোগ প্রতিষ্ঠান কর্তৃক যে সমস্ত প্রকাশনা প্রদর্শণী এবং বিশিষ্ট বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়, সেগুলি পরিকল্পনা এবং তত্বাবধায়ন করার ক্ষমতাসহ জনসংযোগ প্রতিষ্ঠানে কমপক্ষে ৫ বৎসরের কাজের অভিজ্ঞতা। যোগাযোগ মাধ্যমে প্রকাশের জন্য খবর এবং ফিচার কাহিনী তৈরীর ক্ষমতা থাকিতে হইবে। প্রুফ পাঠ তত্বাবধায়ন করার এবং নকশা প্রস্তুত করার জন্য অতিরিক্ত যোগ্যতা হিসাবে বিবেচিত হইবে। |
| ৩ | সহকারী প্রশাসনিক কর্মকর্তা | ৪ জন | জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ১১ম গ্রেড ১২,৫০০-৩০,২৩০/- | স্নাতক ডিগ্রী। প্রশাসনে ৫ বৎসরের বাস্তব অভিজ্ঞতাসহ শ্রম ব্যবস্থাপনার ক্ষমতা। শ্রম আইন সমন্ধে সম্যকভাবে জ্ঞাত থাকিতে হইবে। |
| ৪ | উপ-সহকারী প্রকৌশলী (সিভিল/বৈদ্যুতিক) | ১+১জন | জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ১১ম গ্রেড ১২,৫০০-৩০,২৩০/- | সিভিল/বৈদ্যুতিক কর্মতত্বাবধান এবং রক্ষণাবেক্ষণে কমপক্ষে ০২ বৎসরের অভিজ্ঞতাসহ কোন সিভিল/বৈদ্যুতিক প্রকৌশলে সনদ। |
| ৫ | সাট লিপিকার | ০১ জন | জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ১৩তম গ্রেড ১১,০০০-২৬,৫৯০/- | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমতুল্য সার্টিফিকেটধারী হইতে হইবে। বানিজ্যিক উপাধিপত্র অতিরিক্ত যোগ্যতা হিসাবে বিবেচিত হইবে। ইংরেজী ও বাংলা সাট-লিপিতে প্রতি মিনিটে যথাক্রমে ৮০ ও ৫০ শব্দের গতি সম্পন্ন হইতে হইবে এবং ইংরেজী ও বাংলা মুদ্রাক্ষরে প্রতি মিনিটে যথাক্রমে ৩০ ও ২৫ শব্দ গতি সম্পন্ন হইতে হইবে। |
| ৬ | ইলেকট্রিশিয়ান (নির্মান) | ০২ জন | জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ১৪তম গ্রেড ১০,২০০-২৪,৬৮০/- | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট এবং সংশ্লিষ্ট বিষয়ে সনদপত্রসহ কাজে কমপক্ষে ২ বৎসরের অভিজ্ঞতা। |
| ৭ | প্রাককলনিক/ এষ্টিমেটর (সিভিল) | ০১ জন | জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ১৫তম গ্রেড ৯,৭০০-২৩,৪৯০/- | সিভিল নির্মাণ কাজ তত্বাবধান এবং প্রাককলনে কমপক্ষে ১ বৎসরের অভিজ্ঞতাসহ প্রকৌশল (সিভিল) এ সনদ। |
| ৮ | সহকারী নকসাকারী/ ড্রাফটসম্যান | ০১ জন | জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ১৫তম গ্রেড ৯,৭০০-২৩,৪৯০/- | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট এবং সিভিল নকসা বিদ্যায় উপাধিপত্রসহ সিভিল অংকনে কমপক্ষে ২ বৎসরের অভিজ্ঞতা। |
| ৯ | আমিন | ০১ জন | জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ১৬তম গ্রেড ৯,৩০০-২২,৪৯০/- | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট এবং কোন প্রতিষ্ঠান হইতে সার্ভে কোর্স সমাপ্তকরণ সনদপত্রসহ কোন প্রকল্পে জরীপ কাজে কমপক্ষে ২ বৎসরের অভিজ্ঞতা। |
| ১০ | বিল সহকারী | ০২ জন | জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ১৬তম গ্রেড ৯,৩০০-২২,৪৯০/- | বানিজ্যে উচ্চ মাধ্যমিক সনদ। |
| ১১ | টেলিফোন অপারেটর | ০২ জন | জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ১৬তম গ্রেড ৯,৩০০-২২,৪৯০/- | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট। পিএবিএক্স পরিচালনায় ৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ১২ | ষ্টোরম্যান | ৩৭ জন | জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ১৮তম গ্রেড ৮,৮০০-২১,৩১০/- | বিজ্ঞানসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা স্বীকৃত প্রতিষ্ঠান হইতে মোটরযান কোর্সে সনদ। |
| ১৩ | পি ওএল (পেট্রোলিয়াম ওয়েল এন্ড লুব্রিকেন্ট) এটেনডেন্ট | ২৮ জন | জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ২০তম গ্রেড ৮,২৫০-২০,০১০/- | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট। সংশ্লিষ্ট বিষয়ে জ্ঞানসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১৪ | পরিচ্ছন্নতা কর্মী | ১০ জন | জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ২০তম গ্রেড ৮,২৫০-২০,০১০/- | অষ্টম শ্রেণী পাশ। |

১. **১৯/০৬/২০২২খ্রিঃ** তারিখে প্রার্থীর **বয়সসীমা ১৮- ৩০ বছর** (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর) হতে হবে। বয়স প্রমানের ক্ষেত্রে এফিডেভিট গ্রহনযোগ্য নয়।

২. ক্রমিক নং ১২ এ **পিরোজপুর** জেলা ও ক্রমিক নং ১৪ এ **মাদারীপুর, ঢাকা, নোয়াখালী, চট্রগ্রাম জেলা** ব্যতিত অন্যান্য সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন এবং অন্যান্য ক্রমিক নং এ সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। এতিম ও শারীরিক প্রতিবন্ধীর ক্ষেত্রে সকল জেলা প্রযোজ্য।

৩.সরকারী, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় জমা প্রদান করতে হবে।

৪. **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:**

ক. পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক ব্যক্তি http://brtc.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(v) Online- এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর **তারিখ ও সময়: ০১/০৬/২০২২খ্রিঃ, সকাল ১০:০০ টা।**

(vi) Online- এ আবেদনপত্র জমাদানের শেষ **তারিখ ও সময়: ১৯/০৬/২০২২ খ্রিঃ, বিকাল ৫:০০ টা।**



CamScanner

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ Pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online আবেদনপত্রে পূরনকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার **পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষন করবেন।

ঙ. **SMS** প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদন পত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk Pre-Paid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ (ক্রমিক নং ১ থেকে ৪ এর জন্য ৫০০/- টাকা এবং ৫ থেকে ১৪ পর্যন্ত ৩০০/- টাকা) অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। **এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।**

প্রথম SMS:BRTC<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

***Example:BRTC ABCDEF***

*Reply: Applicant's Name, Tk....... Will be charged as application fee. Your pin is 12345678. To pay fee Type* BRTC *<space>yes<space>pin and send to 16222.*

দ্বিতীয় SMS: BRTC *<space>yes<space>*PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

***Example: BRTC yes 12345678***

*Reply: Congratulations Applicant's Name, Payment Completed Successfully for .........Application for post* Office Conductor-D (Counterman) *User ID is (ABCDEF) and password (xxxxxxxxx).*

চ. **প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি** http://brtc.teletalk.com.bd **ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষনিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষনিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।**

ছ. **SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তিতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/ কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহনের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন;**

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্নিত SMS পদ্ধতি অনুসরন করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(iii) User ID জানা থাকলে BRTC <space>Help<space>User<space>User ID, Send to 16222.
Example: BRTC **Help User ABCDEF** & send to 16222

(iv) Pin Number জানা থাকলে BRTC <space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.
Example: BRTC **Help PIN 12345678** & send to 16222

৫. প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে। আবেদনের স্বপক্ষে সকল সনদ মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

৬. পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য বিআরটিসি'র ওয়েবসাইটে www.brtc.gov.bd পাওয়া যাবে।

৭. লিখিত/ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৮. নিয়োগে সরকারের সর্বশেষ বিধি-বিধান ও কোটা নীতি অনুসরণ করা হবে।

৯. কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষন করেন।

১০. নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যেকোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গন্য হবে।


২/৫/২২

জেনারেল ম্যানেজার (প্রশাঃ ও পার্সোঃ)

বিআরটিসি।

ফোন: ৪১০৫১৩৩৪ (অফিস)


CS CamScanner